

সমবায় অধিদপ্তরের মোবাইল অ্যাপস উদ্বোধনঃ

সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী, বর্তমান ও সম্ভাব্য সমবায়ী এবং সমবায় আন্দোলন সংশ্লিষ্ট সকলের নিকট সমবায় অধিদপ্তরের সেবাসমূহ সহজলভ্য ও দ্রুত পৌঁছে দেওয়ার লক্ষ্যে অধিদপ্তরের যাবতীয় তথ্য সম্বলিত মোবাইল অ্যাপস প্রস্তুত করা হয়েছে। অ্যাপসটি সমবায় অধিদপ্তরের কার্যক্রম, নাগরিক সেবা অধিকার, সমবায় আইন-বিধি ও নীতিমালা এবং এ সংক্রান্ত সরকারি দিক নির্দেশনা ও তথ্যের নির্ভরযোগ্য উৎস হিসেবে কাজ করবে। একই সঙ্গে অ্যাপসটি সমবায় কার্যক্রমের প্রচারনা, তথ্যের কার্যকর ব্যবহার নিশ্চিতকরণ এবং সর্বোপরি সমবায় কার্যক্রমে গতিশীলতা আনয়নে বিশেষ ভূমিকা রাখবে। একজন android smart phone ব্যবহারকারী google play store থেকে সহজেই “সমবায় অধিদপ্তর” বা “coop bd” নামে সার্চ করে অ্যাপসটি ডাউনলোড করে নিতে পারবেন।

গত ২৪ আগস্ট ২০১৬ খ্রি তারিখে জনাব মোঃ আবুল কালাম আজাদ, মাননীয় মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় সমবায় অধিদপ্তরে অনুষ্ঠিত এক অনুষ্ঠানে এই মোবাইল অ্যাপসটির শুভ উদ্বোধন করেন।

অ্যাপসটিকে অধিকতর ব্যবহার উপযোগী করতে সংশ্লিষ্ট সকলের গঠনমূলক পরামর্শ সাদরে গৃহীত হবে।

সমবায় অধিদপ্তরের অনলাইন নিবন্ধন ব্যবস্থাপনা

ও মোবাইল অ্যাপস সংক্রান্ত কমিটি।